১১৯৪২

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭১১১৪৯৮১/২৮৮২/১৯/ নথি নং-২৮০ তারিখঃ ১২.০৪.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল প্রসঙ্গে।**

সূত্রঃ ১) স্মারক নম্বর- ০৫.৪৫.৬১২০.০০১.৪০.০০৩.১৮-৯১; তারিখঃ ০১/০২/২০১৮খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭১১১৪৯৮১/২৭৮১/৭/ নথি নং-২৮০; তারিখ: ০৪.০১.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন কাটাখালী কালীবাজাইল ইমানিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সভাপতি মনোনয়নসহ নিয়মিত ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য আবেদন দাখিল করা হয়। অপরদিকে উক্ত প্রস্তাবিত ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করাসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে জনৈক মোঃ আব্দুল কাদের অত্র বোর্ডে কাগজপত্রসহ আবেদন দাখিল করেন।

২) দাখিলকৃত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ-কে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ সূত্রে উল্লিখিত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ৮ টি অভিযোগের মধ্যে ৫ টি অভিযোগের সত্যতা পাওয়া যায়নি। অপর ৩ টি অভিযোগ আংশিক সত্য মর্মে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় প্রমানিত অভিযোগসমূহের বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা আগামী ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সুপারকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৩ (তিন) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

12.04.18
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার/ভারপ্রাপ্ত সুপার, কাটাখালী কালীবাজাইল ইমানিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা
ডাকঘর- কাটাখালী, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭১১১৪৯৮১/_________/ নথি নং-______ তারিখঃ .০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:
১. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৪. জনাব মোঃ আব্দুল কাদের, পিতা- আক্তার উদ্দিন, গ্রাম ও ডাকঘর- কাটাখালী, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

স্মারক নম্বর ০৫.৪৫.৬১২০.০০১.৪০.০০৩.১৮-৯১ তারিখ: ০১/০২/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ- অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্রঃ- বামাশিবো/প্রশাসন/২৩৩১৭১১১৪৯৮১/২৭৮১/৭ নথি নং-২৮০, তারিখঃ- ০৪/০১/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কাটাখালী কালীবাজাইল ইমানিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনসহ বিভিন্ন অভিযোগের বিষয়ে জনাব শিউলি হরি, সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ীয়া, ময়মনসিংহ কর্তৃক ২৯/০১/২০১৮খ্রিঃ তারিখের ৮০ নং স্মারকে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত প্রতিবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারী একমত পোষণকরতঃ সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ৪৯ (উনপঞ্চাশ) ফর্দ।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর
ডায়েরী নং ৮২৫
তারিখঃ
পরীক্ষা নিয়ন্ত্রক
সচিব
উপ-পরিচালক প্রশাঃ/কমন
প্রোগ্রামার
আইসিটি, কম্পিউটার কেন্দ্র
রেজিস্ট্রার

লীরা তরফদার
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ

রেজিষ্টার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

D:\myansar\ICT\ICT.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

স্মারক নং ঃ- ০৫.৪৫.৬১২০.০০২.০৪.১৫৩.১৩- ৮০ তারিখ ঃ- ২৯.০১.১৮ খ্রিঃ।

বিষয় ঃ- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ- উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ মহোদয় কার্যালয়ের ১৫.০১.১৮ খ্রিঃ তারিখের ০৫. ৪৫. ৬১২০. ০১. ৪০. ০০৪. ১৭-২০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনৈক জনাব মোঃ আব্দুল কাদের পিং- আক্তার উদ্দিন, গ্রাম ও ডাকঘর- কাটাখালী, ত্রিশাল, ময়মনসিংহ কর্তৃক কাটাখালী কালিবাজাইল ইমানিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সভাপতি মনোনয়নসহ নিয়মিত ম্যানেজিং কমিটি অনুমোদনের অনিয়মের বিষয়ে ২১.০১.১৮ খ্রিঃ তারিখ বেলা ১.০০ ঘটিকায় নোটিশের মাধ্য মে উভয় পক্ষকে অবহিত করে সরেজমিনে তদন্ত করি। তদন্তকালে উভয় পক্ষের উপস্থিতিতে অভিযোগের বিষয়ে তথ্য প্রমাণাদি সহ বক্তব্য শ্রবণ করা হয়। তদন্তকালে নিম্নরুপ তথ্য পাওয়া যায়।

১। অভিযোগে বিধি অনুযায়ী দাখিল মাদ্রাসায় এবতেদায়ী স্তর সংযুক্ত থাকলে ১ম শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত এবং ৬ষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত আলাদা ভোটার তালিকা প্রকাশ করার কথা থাকলেও এবতেদায়ী ও দাখিল স্তরে আলাদা কোন ভোটার তালিকা প্রকাশ না করার বিষয়ে যে অভিযোগ করা হয়েছে তা আংশিক সত্য। প্রদর্শিত ভোটার তালিকা একই সিরিয়ালে করা হয়েছে (সংযুক্ত কপি - ১)।

২। মাদ্রাসার ম্যানেজিং কমিটি নির্বাচন/২০১৭ এর খসড়া ও চুড়ান্ত ভোটার তালিকা ক্রমিকের ২৩৮ নং ভোটারের শিক্ষার্থী ময়না আক্তার ১০.১১.২০১৭ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন মর্মে শিক্ষার্থীর মা তদন্তকালে উপস্থিত থেকে জানান। উল্লেখ্য যে, চুড়ান্ত ভোটার তালিকা ময়না আক্তারের মৃত্যুর পূর্বে প্রকাশিত হয়। অভিযোগে উল্লেখিত ৫১ এবং ১৬৮ নং ক্রমিকের অভিভাবক মৃত মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সনদপত্র দাখিল করেন (সংযুক্ত কপি - ২)। দায়িত্বরত প্রিজাইডিং অফিসার লিখিত ভাবে জানান যে, বর্ণিত মাদ্রাসার ১৪.১২.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটি নির্বাচনে ভোটার নং ৫১, ১৬৮ ও ২৩৮ নং ক্রমিকের ভোটারদের ভোট গ্রহণ দেখানো হয় নাই (সংযুক্ত কপি - ৩)।

৩। মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচনের ভোটার তালিকায় ভোটার সংখ্যা ২৭১ জন। প্রিজাইডিং অফিসার কর্তৃক অভিভাবক সদস্য পদে নির্বাচন ফলাফলে প্রাপ্ত ভোট সংখ্যা ১৭২, তম্মধ্যে বৈধ ভোট সংখ্যা ১৬৬ ও বাতিল ভোট সংখ্যা ৬ টি (সংযুক্ত কপি - ৪)। ১৪২ জন ভোটার প্রদর্শিত ভোটার তালিকায় স্বাক্ষরকারী ব্যক্তিগন ভোট প্রদান করেন নাই মর্মে যে অভিযোগ তার স্ব-পক্ষে কোন উপযুক্ত প্রমানাদি তদন্তকালে প্রমাণে অভিযোগকারী ব্যর্থ হয়। তবে আবেদনকারী বঞ্চিত ভোটারদের স্বাক্ষর সম্বলিত একটি তালিকা দাখিল করেন (সংযুক্ত কপি-৯)। কিন্তু তিনি কোন বঞ্চিত ভোটারকে উপস্থিত করতে ব্যর্থ হন।

৪। অভিযোগে নির্বাচিত প্রার্থী মজনু মিয়া অভিভাবক হিসেবে ভোটার তালিকায় ৯ ও ১১৮ নং ক্রমিকে দ্বৈত হিসেবে আছে। তবে সংশ্লিষ্ট মাদ্রাসা সুপার জানান যে তিনি ০১ টি ভোট দিয়েছেন। এরুপ ১৬৪ ও ২৬৯, ৩৩ ও ১৮৪ নং ক্রমিকে দ্বৈত ভোটার রয়েছে।

৫। এবতেদায়ী স্তরে শিক্ষক থাকা সত্বেও দাখিল স্তরের শিক্ষক এ বি এম বদিউজ্জামানকে শিক্ষক প্রতিনিধি করার অভিযোগের বিষয়ে বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুলাই ২৩, ২০০৯ এর ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত নীতিমালা অনুযায়ী করা হয়েছে মর্মে প্রজ্ঞাপন ও মাদ্রাসা কমিটি কর্তৃক রেজুলেশনের কপি দাখিল করেন। অভিযোগের বিষয়টির সত্যতা পাওয়া যায়নি (সংযুক্ত কপি - ৫)।

৬। এবতেদায়ী স্তরের ৫ম শ্রেণীর শিক্ষার্থীর অভিভাবক ৫৩ নং ভোটার জনাব ইব্রাহিম খলিল এর অভিভাবক নির্বাচনে অংশ গ্রহণের বিষয়টি . প্রজ্ঞাপনের সঙ্গে সঙ্গতি রয়েছে বিধায় অভিযোগটি সঠিক নয় (সংযুক্ত কপি - ৫)।

৭। অভিযোগে উল্লেখিত মাদ্রাসা বরাবরে জমির দলিল দাতা নির্বাচিত দাতা সদস্য জনাব ওসমান আলী ফুলবাড়ীয়া সাব-রেজিষ্ট্রি অফিসে ১৭.০৩.১৯৮৬ ইং তারিখ ৪৮৭৮ নং স্বত্বার্পণ দলিল মূলে ০.৫২ একর জমি মাদ্রাসার সেক্রেটারী বরাবরে দলিল সম্পাদন করে দেন। উক্ত দলিলে প্রারম্ভে মৌজা কালিবাজাইল উল্লেখ রহিলেও দলিল গর্ভে কালিবাজাইল মৌজার ০.২৬ একর এবং ধানীখোলা মৌজার ০.২৬ একর একুনে ০.৫২ একর জমি উল্লেখ রয়েছে। উক্ত দলিলের তফসিলে মৌজা হিসেবে কালিবাজাইল মৌজার সাবেক ৪৮৯৫ নং দাগ যার আর,এস ১০৯৬৯ নং দাগে ০.২৬ একর এবং সাবেক ৫২৮১ নং দাগ যার হাল ১৩৫২৬ নং দাগে ০.২৬ একর একুনে ০.৫২ একর উল্লেখ রয়েছে। উক্ত দলিল পর্যালোচনায় দেখা যায় দলিলের প্রারম্ভে মৌজা কালিবাজাইল, দলিল গর্ভে কালিবাজাইল ও ধানীখোলা এবং তফসিলে কালিবাজাইল উল্লেখ থাকায় বিষয়টি বিভ্রান্তি মূলক। তাছাড়া দলিলে সাবেক এবং হাল খতিয়ানে উক্ত দাগসমূহ নেই। অত্রাফিসের রক্ষিত আর,এস রেকর্ড সূচী অনুযায়ী ১০৯৬৯ নং দাগ সূচীতে নেই এবং দাগ সূচী অনুযায়ী সর্বশেষ দাগ ১২৬৬৬ হওয়ায় দলিলে উল্লেখিত কালিবাজাইল মৌজার ১৩৫২৬ নং দাগের অস্তিত্ব থাকার কথা নহে। অভিযোগকারী ধানীখোলা মৌজার আর, এস ১৭৩৮ নং খতিয়ানে ১০৯৬৯ নং দাগের যে পর্চা দাখিল করেন তার মালিক দং আব্দুল আজিজ পিতা ইয়াদ আলী সাং- নিজ নামে উল্লেখ। উক্ত খতিয়ানের তসদিককৃত পর্চায় আর,এস ১০৯৬৯ নং দাগের বিপরীতে সাবেক ৪২৫০ নং দাগ উল্লেখ রয়েছে। যা দলিলের সাবেক ও হাল দাগের সাথে সামঞ্জস্য নেই। এখানে উল্লেখ থাকে যে, কালিবাজাইল মৌজার সর্বশেষ খতিয়ান ২৩৮২ (সংযুক্ত কপি - ৬)। নির্বাচনে দাতা সদস্য হিসেবে মনোনয়নপত্র দাখিলকারী ছলিম উদ্দিনের মনোনয়নপত্রে প্রস্তাবকের ও সমর্থকের কোন নাম না থাকায় তা বাতিল হয় মর্মে প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করা হয় (সংযুক্ত কপি -৭)।

৮। তদন্তকালে অভিযোগকারী ম্যানেজিং কমিটির নির্বাচন বর্জন করে মানব বন্ধন করার বিষয়ে পত্রিকা কাটিং ও টিভি চ্যানেলের ফুটেজ দাখিল করেন। তদন্তকালে মানব বন্ধনে অংশগ্রহনকারী কোন ব্যক্তি উপস্থিত থেকে স্বাক্ষ্য প্রমাণ দেননি (সংযুক্ত কপি - ৮)।

মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র প্রতিবেদন প্রেরণ করা হলো।

(স্বাক্ষর) ১০/০১/১৬

উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

(শিউলী হরি)
পরিচিতি নং- ১৭০৭৫
সহকারী কমিশনার (ভূমি)
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।